



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/5/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 2024 সালের বিনামূল্যে মাছ ধরার দিবসসমূহ ঘোষণা করলেন

নির্ধারিত দিবসে মাছ ধরার জন্য কোনো মিঠাপানিতে মাছ ধরার লাইসেন্স প্রয়োজন হবে না

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কে ছয়টি নির্ধারিত বিনামূল্যে মাছ ধরার দিবস (Free Fishing Days) অনুষ্ঠিত হবে: 17 থেকে 18 ফেব্রুয়ারি (প্রেসিডেন্ট দিবস (Presidents' Day) সপ্তাহান্ত), 29 থেকে 30 জুন, সেপ্টেম্বর 28 (জাতীয় শিকার ও মাছ ধরা দিবস (National Hunting and Fishing Day)) এবং 11 নভেম্বর (ভেটেরান্স দিবস (Veterans Day))। এই দিনগুলিতে, নিউ ইয়র্কের জলাশয়ে মিঠাপানির মাছ ধরার জন্য লাইসেন্সের প্রয়োজনীয়তা মওকুফ করা হয়েছে।

"বিনামূল্যে মাছ ধরা কর্মসূচিটি ছিপ দিয়ে মাছ ধরতে ইচ্ছুক ব্যক্তিদের প্রথমবারের মতো মিঠাপানিতে মাছ ধরার বা প্রাক্তন ছিপ দিয়ে মাছ ধরা ব্যক্তিদেরকে আমেরিকার প্রিয় অবসর কাটানোর কর্মকাণ্ডের সাথে পুনরায় সংযুক্ত করে দেয়," **গভর্নর হোকল বলেন**। "নিউ ইয়র্কে মিঠাপানির লেক, পুকুর, ঝর্ণা ও নদীর প্রাচুর্যের আশীর্বাদ রয়েছে, যা মনে রাখার মতো মাছ ধরার অভিজ্ঞতা প্রদান করে, যা পর্যটন এবং অর্থনীতির সুবিধা বৃদ্ধি করে।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "পুরো বছরজুড়ে বিনামূল্যে মাছ ধরার দিবস রাখা হয়েছে যাতে করে ছিপ দিয়ে মাছ ধরা ব্যক্তিদের বিভিন্ন জলবায়ুতে মিঠাপানির মাছ ধরার আনন্দ পাওয়ার সুযোগ প্রদান করা যায়। স্টেটের বহুল মাছ ধরার সুযোগের সদ্যবহার করা এবং গতানুগতিক ফি ছাড়াই একটি বিনোদনমূলক হবি শেখা বা তা পুনরায় তাজা করার জন্য একটি নিখুঁত সময়।"

যারা মাছ ধরে না তাদেরকে এই সন্তোষজনক মিঠাপানিতে মাছ ধরার ক্রীড়া বিনামূল্যে উপভোগ করার একটি সুযোগ প্রদান করার জন্য, মানুষকে একটি নতুন হবির সাথে পরিচিত করার জন্য, এবং একটি [নিউ ইয়র্ক স্টেট মাছ ধরার লাইসেন্স](#) ক্রয় করে সংরক্ষণকে সমর্থন করার ব্যাপারে মানুষকে উৎসাহিত করার জন্য 1991 সালে বিনামূল্যে মাছ ধরার দিবস কর্মসূচি শুরু করা হয়।

মাছ ধরা শুরু করতে আগ্রহী ব্যক্তিদের জন্য DEC সংস্থানের একটি গুচ্ছ প্রদান করে। [আই ফিশ NY নবীশদের মিঠাপানিতে মাছ ধরার গাইড \(I FISH NY Beginners' Guide to](#)

[Freshwater Fishing](#)) একটি মাছ ধরার ছিপ তৈরি করা থেকে শুরু করে আপনার ধরা মাছ সনাক্ত করা, এবং মাছ ধরার নিয়মকানুন বুঝতে পারা পর্যন্ত সকল কিছুর ব্যাপারে তথ্য প্রদান করে। এছাড়াও DEC এর ইউটিউব চ্যানেলে একটি [ভিডিও সিরিজ](#) আছে যা নবীশদের গাইডের সম্পূরক। আপনার পরবর্তী মাছ ধরার যাত্রা পরিকল্পনা করার সময় DEC এর [মাছ ধরার স্থান \(Places to Fish\) ওয়েবপেজগুলি](#) তথ্যের একটি নির্ভরযোগ্য উৎস। DEC এর আনুষ্ঠানিক অ্যাপ হান্টফিশNY (HuntFishNY) তে এখন "দ্য ট্যাকেল বক্স" রয়েছে। মাছ ধরার নিয়মকানুন, নৌকার অ্যাক্সেস এবং মজুত সংক্রান্ত তথ্য, সবকিছুই একটি মানচিত্রভিত্তিক ইন্টারফেসে আপনার স্মার্ট ফোনে হাতের নাগালে উপলভ্য থাকছে।

বিনামূল্যে মাছ ধরা দিবসের পাশাপাশি, DEC এর অনুমোদিত বিনামূল্যে মাছ ধরার ক্লিনিকের মাধ্যমে "মাছ ধরা শেখার" সুযোগও রয়েছে। বর্তমানে যেসব সময়সূচি নির্ধারিত আছে তার একটি তালিকার জন্য [DEC এর ওয়েবসাইট](#) ভিজিট করুন।

বিনামূল্যে মাছ ধরা দিবসে অংশগ্রহণকারীদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে যদিও বিনামূল্যে মাছ ধরা দিবসে মিঠাপানিতে [মাছ ধরার লাইসেন্সের আবশ্যিকতা](#) মওকুফ করে দেওয়া হয়, অন্য সকল মাছ ধরার নিয়মকানুন বহাল থাকবে। বিনামূল্যে মাছ ধরা দিবসের বাইরে, 16 বছরের বেশি সকল ব্যক্তির ক্ষেত্রে ছিপ দিয়ে মাছ ধরার জন্য একটি বৈধ মাছ ধরা লাইসেন্স প্রয়োজন হবে। একটি লাইসেন্স ক্রয় করা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে [DEC ওয়েবসাইট](#) ভিজিট করুন।

DEC সম্প্রতি এর [ছিপ দিয়ে মৎস্যশিকারির অর্জন পুরস্কার কর্মসূচি \(Angler Achievement Awards Program\)](#) নতুন করে সাজিয়েছে, যা স্টেট রেকর্ডসহ উল্লেখযোগ্য আকারের মাছ ধরার জন্য মৎস্যশিকারীদের স্বীকৃতি প্রদান করে। একজন ছিপ দিয়ে মৎস্যশিকারি পুরস্কারের জন্য যেই যোগ্য প্রজাতির মাছ দিয়ে আবেদন করতে পারবে, নতুন এবং উন্নত কর্মসূচিটি তার তালিকা বিস্তৃত করে এবং এখন এখানে একটি তরুণ মৎস্যশিকারি বিভাগ (Youth Angler Category) রয়েছে এবং একটি অনলাইন এন্ট্রি ফর্ম রয়েছে যেখানে যোগ্য মাছ সম্পর্কে স্মার্ট ফোনের মাধ্যমে সহজেই জমা করা যাবে। তাদের ধরা একটি যোগ্য মাছ সম্পর্কে জমা দেওয়া সকল মৎস্যশিকারি এখন একটি প্রজাতি নির্দিষ্ট স্টিকার পাবে যা তারা গর্বসহকারে তাদের ট্যাকেল বাক্সে, গাড়ি, ইত্যাদিতে লাগাতে পারবে। আনুষ্ঠানিক কর্মসূচির নিয়মের জন্য, যোগ্য প্রজাতি এবং সংশ্লিষ্ট সর্বনিম্ন যোগ্য দৈর্ঘ্যের জন্য, DEC এর ওয়েবসাইটে [ছিপ দিয়ে মৎস্যশিকারির অর্জন পুরস্কার ওয়েবপেজটি](#) ভিজিট করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)